গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
জগন্নাথপুর,সুনামগঞ্জ।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৯০৪৭.০০১.৪৪.০৪৩.২২.৬৯ তারিখঃ ২৮ /১২/২০২৩ খ্রিঃ।

**শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জগন্নাথপুর এর কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনীঃ**

সভাপতিঃ মোঃ শাহাব উদ্দিন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

তারিখঃ ২৮/১২/২০২৩ খ্রিঃ

সময়ঃ বেলা ০৩.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জগন্নাথপুর এর অফিস কক্ষ।

সভাপতি ডিসেম্বর/২০২৩ মাসে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জগন্নাথপুর এর কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে বিভিন্ন বিষয় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মাধ্যমে সভায় বিস্তারিত আলোচনা হয় ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/ নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | নৈতিকতা কমিটি সভা আয়োজন | সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা সংশ্লিষ্ট কার্যালয়সমূহে প্রেরণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ প্রণয়নপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ মহোদয় বরাবরে প্রেরণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ০৪ (চার) টি নৈতিকতা কমিটি সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। আগামী ৩য় কোয়াটারের সভা /০২/২০২৪ খ্রি. তারিখে আহ্বান করতে হবে। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় সমূহ নৈতিকতা গঠন করেছেন কিনা তথ্য সংগ্রহ করতে হবে। | ক। আগামী /১২/২০২৪ খ্রি. তারিখে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে।<br>খ। উপজেলা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠনের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ক। উপজেলা<br>নিয়ন্ত্রক।<br>খ। নৈতি<br>কমিটি, অত্র দপ্ত |
| ০২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভাপতি বলেন, মাঠ পর্যায়ের শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মিলার, ডিলারসহ স্টেকহোল্ডারদের নিয়ে নিয়মিত সভা করার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। ২০২৩-২৪ অর্থ বছরে স্টেকহোল্ডারদের নিয়ে ০৩ (তিন) টি সভা নির্ধারন করা হয়েছে। প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর ০১টি করে সভা করতে হবে। | প্রতি তিন মাস অন্তর অন্তর স্টেকহোল্ডারদের নিয়ে সভা করতে হবে। | নৈতিকতা কা<br>অত্র দপ্তর। |
| ০৩ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো | সভাপতি বলেন, অত্র দপ্তরের প্রতিটি কক্ষ পরিস্কার করতে রাখতে হবে। নথিপত্র অগোছালো ভাবে রাখা যাবে না। ব্যবহৃত ও অব্যবহৃত আসবাবপত্রসমূহ ডাষ্টার দিয়ে নিয়মিত পরিস্কার করার জন্য অফিস সহায়কদের নির্দেশ | ক। অত্র দপ্তরের অকোজে মালামাল সমূহ ডেড ষ্টক | ক। উপজেলা<br>নিয়ন্ত্রক। |

| | | | | |
|---|---|---|---|---|
| | মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | প্রদান করতে হবে। নৈতিকতা কমিটি নিয়মিত প্রতি কক্ষ পরিদর্শন করবেন। অত্র দপ্তরের অকেজো মালামালসমূহ ডেড স্টক রেজিষ্টারে অন্তর্ভূক্ত করতে হবে। খাদ্য পরিদর্শকগণকে অকেজো মালামাল নিষ্পত্তির জন্য পত্র দিতে হবে। | রেজিষ্টারে অন্তর্ভূক্ত করতে হবে। | খ।খাদ্য পরিদ<br>অত্র দপ্তর। |
| ০৪ | ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুতকরণ | অত্র দপ্তরে ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুতের জন্য নৈতিকতা কমিটিকে নির্দেশ প্রদান করা হয় এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সুনামগঞ্জে প্রেরণ করাার জন্য খাদ্য পরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত করতে হবে। | ক। উপজেলা<br>নিয়ন্ত্রক।<br>খ। নৈতি<br>কমিটি, অত্র দপ্ত |
| ০৫ | নিজ দপ্তরে কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ষ্টাফ সভা করা | সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী নিজ দপ্তরে কর্মরত স্টাফদের নিয়ে বছরে ০৩ টি সভা করার নির্দেশনা থাকায় ইতোমধ্যে অত্র দপ্তরে ০১টি স্টাফ সভা অনুষ্ঠিত হয়েছে। | প্রতি ৩ মাস পর পর ১টি স্টাফ সভার করতে হবে। | নৈতিকতা ক<br>অত্র দপ্তর। |
| ০৬ | নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে অফিস আঙ্গিনায় সিসি ক্যমরার আওতায় এনে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা | সভাপতি বলেন, নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে অফিস আঙ্গিনায় সিসি ক্যমরার আওতায় আনা হয়েছে। একে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে। যেকোন ধরণের যান্ত্রিক ত্রুটি হলে তা মেরামত করতে হবে। | সিসি ক্যামরা সচল আছে কিনা তা পযবেক্ষণ করতে হবে এবং সচল রাখার জন্য সচেষ্ট থাকতে হবে। | নৈতিকতা ক<br>অত্র দপ্তর। |
| ০৭ | ও.এম.এস ও খাদ্য বান্ধব ডিলারদেরকে প্রশিক্ষণ প্রদান | সভাপতি বলেন, অত্র উপজেলায় ওএমএস ও খাদ্যবান্ধব ডিলারদেরকে তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে অত্র উপজেলায় ওএমএস ও খাদ্যবান্ধব ডিলারদেরকে প্রশিক্ষণের আয়োজন করার জন্য খাদ্য পরিদর্শক, অত্র তপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা পর্যায়ের প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | ক। উপজেলা<br>নিয়ন্ত্রক<br>নৈতিকতা ক<br>অত্র দপ্তর। |
| ০৮ | সংশ্লিষ্ট কর্মচারীদের সাজ-পোশাক প্রদান ও পরিধান কার্যক্রম বাস্তবায়ন | সভাপতি বলেন, অত্র দপ্তরে কর্মরত সংশ্লিষ্ট কর্মচারীদের সাজ-পোষক প্রদানের জন্য মহাপরিচালক মহোদয় বরাবরে চাহিদা পত্র প্রেরণ করতে হবে। | সাজ-পোষাকের অর্থ বরাদ্দ চেয়ে মহাপরিচালক মহোদয় বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | খ। নৈতি<br>কমিটি, অত্র দপ্ত |

পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহাব উদ্দিন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জগন্নাথপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ১৩.০১.৯০৪৭.০০১.৪৪.০৪৩.২২.৬৯ তারিখঃ ২৮/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।

৫। সদস্য, -------------------------------------------------------------------নৈতিকতা কমিটি, অত্র দপ্তর।

৬। অফিস কপি।

(মোঃ শাহাব উদ্দিন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
জগন্নাথপুর,সুনামগঞ্জ